গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
(সাধারণ শাখা)
www.bagerhat.gov.bd

## জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাঃ খালিদ হোসেন
জেলা প্রশাসক
বাগেরহাট।

তারিখ : ২১ এপ্রিল, ২০২৪
সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে পবিত্র ইদুল ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভার প্রারম্ভে এ জেলায় সদ্য যোগদানকৃত স্বাস্থ্য প্রকৌশলী, বাগেরহাট জনাব প্রকৌঃ এনামুল হক এবং সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, বাগেরহাট জনাব আবুল কাশেম নিজ নিজ পরিচয় প্রদান করেন এবং তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন। অতপর গত ১৮ মার্চ, ২০২৪ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পঠিত হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় গত সভার সিদ্ধান্ত, সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি, চলমান উন্নয়ন প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম বিষয়ক বিভাগভিত্তিক আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক নং | বিভাগ/ অফিসের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জেলা পরিষদ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিল খাতে ২,৩৪,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থে ১১৭টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৬২টি এবং অবাস্তবায়িত প্রকল্পের সংখ্যা-৫৫টি। উক্ত কাজের অগ্রগতি ৪৭%। রাজস্ব তহবিলের ৪,৯১,০০,০০০/- টাকায় ২৬৯টি প্রকল্প গ্রহণ করা হয়। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ২৫৩টি এবং অবাস্তবায়িত প্রকল্পের সংখ্যা-২১৬টি । উক্ত কাজের অগ্রগতি ৯১%। এছাড়া ২০২২-২৩ অর্থ বছরের এডিপি সাধারণ বরাদ্দ ৫(পাঁচ)কোটি টাকার ২৫% সংরক্ষিত রেখে ৩৭৫.০০ লক্ষ টাকা এবং ২০২২-২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ ও এডিপি সংরক্ষিত উপ-খাতসহ অন্যান্য সরকারি বরাদ্দের জমাকৃত ব্যাংক মুনাফার ২৫.০০ লক্ষ টাকাসহ মোট ৪ কোটি টাকায় ২৫২টি প্রকল্প গ্রহণ করা হয়। এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ২৪৫টি এবং অসমাপ্ত ০৭টি। কাজের অগ্রগতি ৯০%। অসমাপ্ত কাজ চলমান। ২০২৩-২৪ অর্থ বছরে ৬,৫২,৯০,০০০/- টাকা (রাজস্ব তহবিল) ৩৮২টি, সমাপ্ত ৩৫টি, অবাস্তবায়িত প্রকল্পের সংখ্যা ৩৪৭টি। উক্ত কাজের অগ্রগতি ১১% এবং এডিপি খাতে ৫,২০,০০,০০০/- টাকা ৩০৪টি গৃহীত প্রকল্পসমূহ অনুমোদন পাওয়া গেছে। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৪১টি এবং অবাস্তবায়িত প্রকল্পের সংখ্যা-২৬৩টি। উক্ত কাজের অগ্রগতি ১৪%। তিনি আরোও বলেন, ২০২২-২৩ অর্থ বছরের প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং নতুন অর্থ বছর ২০২৩-২৪ এর প্রকল্পের কাজ শূরু হয়েছে। সভাপতি বলেন, প্রকল্পের কাজের গুণগত মান সঠিক ও সমুন্নত রাখতে যে সকল প্রতিষ্ঠানকে কাজ দেয়া হয়েছে তাদের তালিকা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রদান করে হবে। এতে কাজগুলো তদারকি জোরদার হবে। তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যন এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে সকল প্রকল্পের কাজ মনিটরিং এর জন্য অনুরোধ জানান। | ১.১. উন্নয়ন প্রকল্পসমূহের কাজ যাতে যথাযথ মানের হয় সেলক্ষ্যে মনিটরিং জোরদার করতে হবে। এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান(সকল)।<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | পুলিশ বিভাগ | পুলিশ সুপার, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ বিভাগের কার্যক্রম অব্যাহত আছে। পুলিশ বিভাগের উন্নয়নমূলক কাজ গণপূর্ত বিভাগ কর্তৃক সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। আইন-শৃঙ্খলা ও উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগের সহায়তার প্রয়োজন হলে তাৎক্ষণিকভাবে পুলিশ বিভাগকে অবহিত করা হলে পুলিশ বিভাগ সহযোগিতার জন্য প্রস্তুত রয়েছে। | ২.১. জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপার, বাগেরহাট। |
| ৩ | স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন, বাগেরহাট সভায় জানান, এ জেলায় গত ২৪ ঘন্টায় ডায়রিয়া আক্রান্ত রোগীর সংখ্যা ২৪ জন। জানুয়ারি, ২০২৪ খ্রি: হতে অদ্যবধি পর্যন্ত রোগীর সংখ্যা ১১৬২ জন। সুস্থ্য ১১২ জন। তবে বর্তমানে ডায়রিয়া পরিস্থিতি স্বাভাবিক আছে। ডেঙ্গু পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক অবস্থায় আছে এবং ৬৪০টি ডেঙ্গু কিটস ও ঔষধ মজুদ আছে। বর্তমানে ২৫০ শয্যা জেলা হাসপাতালসহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত পরিমাণ ডেঙ্গু কিটস ও ঔষধ মজুদ আছে। করোনা ভাইরাস আক্রান্ত রোগী ৮০২২ জন, সুস্থ ৭৮৭৮ জন, মৃত্যু- ১৪৪ জন। সদর হাসপাতাল বাগেরহাটসহ ০৮টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস রোগীসহ অন্যান্য রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে স্বাস্থ্যকর্মীরা করোনা ভাইরাস সন্দেহভাজন ব্যক্তির নমুনা সংগ্রহ অব্যাহত রেখেছে। বাগেরহাট ২৫০ শয্যা হাসপাতালে ৭০ শয্যার ডেডিকেটেড করোনা হাসপাতালে ১০টি আইসিইউ বেড, ০৭টি হাইফ্লোন্যাজল ক্যানুলা, ১৪টি অক্সিজেন কনসেনট্রেটর ও ১২২টি অক্সিজেন সিলিন্ডারসহ সেন্ট্রাল অক্সিজেন চালু আছে। এছাড়া তিনি তীব্র গরমে হিটস্ট্রোক প্রতিরোধে স্বাস্থ্য বিষয়ক সতর্কতা ও করণীয় সম্পর্কে সভায় অবহিত করেন। | ৩.১. ডায়রিয়া রোগীদের প্রতি অধিক গুরুত্ব দিতে হবে। এছাড়া ডেঙ্গু রোধে করণীয় সম্পর্কে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা নিতে হবে।<br><br>৩.২. ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকগুলো পরিদর্শন অব্যাহত রেখে লাইসেন্সের আওতায় আনতে হবে।<br>৩.৩. হিটস্ট্রোক প্রতিরোধে স্বাস্থ্য বার্তা প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। সিভিল সার্জন, বাগেরহাট।<br>২। বিভাগীয় প্রধান (সকল), বাগেরহাট। |
| ৪ | তত্ত্বাবধায়ক, বাগেরহাট ২৫০ শয্যা হাসপাতাল, বাগেরহাট | তত্ত্বাবধায়ক, বাগেরহাট ২৫০ শয্যা হাসপাতাল, বাগেরহাট সভায় বলেন, ২৫০ শয্যা জেলা হাসপাতাল, বাগেহাটে মার্চ, ২০২৪ মাসে বহি; বিভাগ সেবা-১৮,৬৭৪ জন, ইমার্জেন্সী সেবা-১৭১৯ জন, আন্ত:বিভাগ রোগী ভর্তি সেবা-২২৬৫ জন, মাইনর অপারেশন-১১৪০ জন, মেজর অপারেশন-১৩২ (সিজার-৫৭ জনসহ), নরম্যাল ডেলিভারী-৯০ জন। এছাড়া বিভিন্ন সেবা মূলকখাতে সরকারি কোষাগারে ইউজার্স ফিস বাবদ জমা প্রদান করা হয়েছে মোট ১১,৯৫,৭৪০/- টাকা। হাসপাতালে জনবলের সংকট থাকা সত্ত্বেও স্বল্প জনবল দ্বারা সর্বোচ্চ সেবা প্রদান অব্যাহত আছে। শিশু ওয়ার্ডে ডায়রিয়া রোগীর চাপ বেশী। তিনি আরোও বলেন, আউট সোসিং এর মাধ্যমে জনবল নিয়োগ দেওয়া গেলে জনবলের কিছুটা সংকট মোকাবেলা করা সম্ভব হয়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরও জানান যে, সদর হাসপাতালে তীব্র গরমে ডিহাইড্রেশনে রোগীদের জন্য তাৎক্ষণিক স্যালাইন এর ব্যবস্থা করা হয়েছে। সভাপতি আউট সোসিং এর মাধ্যমে জনবল নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা নিতে বলেন এবং শিশুদের ওয়ার্ডে ডায়রিয়া রোগীদের প্রতি সতর্ক দৃষ্টি রাখার অনুরোধ জানান। | ৪.১. জনগণের চিকিৎসা সেবা অব্যাহত রাখতে হবে। পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে জোরালো ব্যবস্থা নিতে হবে।<br><br>৪.২. আউট সোসিং এর মাধ্যমে জনবল নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা নিতে হবে এবং শিশুদের ওয়ার্ডে ডায়রিয়া রোগীদের প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে। | তত্ত্বাবধায়ক, বাগেরহাট ২৫০ শয্যা হাসপাতাল, বাগেরহাট। |
| ৫ | গণপূর্ত বিভাগ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, চিতলমারী উপজেলার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজের অগ্রগতি ৯৬%। মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় বাগেরহাট জেলা সদরে জমি বুঝে পাওয়া যায়নি। বিকল্প জমি অধিগ্রহণের প্রস্তাব পাঠানো হলে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। ফকিরহাটে কাজের অগ্রগতি ১০০%। শরণখোলা উপজেলার কাজের অগ্রগতি ১০০%। কচুয়া উপজেলায় কাজের অগ্রগতি ৯৫%। চিতলমারীর অগ্রগতি ১৩%। তবে ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে দরপত্র বাতিল করা হয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন। রামপালের অগ্রগতি ১০০%। মোল্লাহাটের অগ্রগতি ১০০%। মোংলার অগ্রগতি ২৫%। দরপত্র মূল্যায়ন সমাপ্ত। NOA প্রদান করা হয়েছে। মোরেলগঞ্জের অগ্রগতি ৭৫%।রামপাল উপজেলায় আমাদের গ্রাম ক্যান্সার রিসার্স সেন্টারের কাজ ৯৩% সম্পন্ন হয়েছে। এছাড়া শহিদ বীর মুক্তিযোদ্ধা ও অন্যান্য বীর মুক্তিযোদ্ধাদের মোট ২০১টি সমাধিস্থলের মধ্যে NOA প্রদান করা হয়েছে ১৯৫টি। চিহ্নিত কবরের সংখ্যা ১৮৬টি। কাজ সমাপ্ত হয়েছে ১৩০টি, চলমান রয়েছে ৫৫টি। সমাধি খুজে পাওয়া যায়নি ০৬টি। জেলা ও দায়রা জজ আদালত প্রঙ্গনে ন্যায়কুঞ্জ নামে বিচার প্রার্থী বিশ্রামাগার স্থাপন শীর্ষক প্রকল্পের কাজের অগ্রগতি ৯৮%। জেলা তথ্য কমপ্লেক্স নির্মাণের টেস্টের পাইল ঢালাই সম্পূর্ণ। তবে অদ্যবধি জায়গা বুঝে পাওয়া যায়নি। তিনি আরোও বলেন, কোর্ট বিল্ডিং ভাঙ্গার অনুমোদন হয়েছে। সভাপতি বলেন, বিল্ডিং ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | ৫.১. মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ দ্রুত শতভাগ সম্পন্নের ব্যবস্থা নিতে হবে।<br><br>৫.২. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ বাগেরহাট।<br>২. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাগেরহাট। |
| ৬ | সড়ক ও জনপথ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, বাগেরহাট সভায় জানান, ফকিরহাট (দিয়াবাড়ি)-মাদ্রাসাঘাট-মোল্লাহাট জেলা মহাসড়কে ১০টি পিসি/আরসিসি গার্ডার সেতু নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি ৪০.২৮%। সাইনবোর্ড-মোরেলগঞ্জ-রায়েন্দা- শরণখোলা-বগী (আর-৭৭৩) আঞ্চলিক মহাসড়কে ০৪টি পিসি/ আরসি গার্ডার নির্মাণ কাজের অগ্রগতি ২৫.৬৬%। চিতলমারী- টুঙ্গিপাড়া (পাটগাতি) জেলা মহাসড়কে ০১টি ও নওয়াপাড়া- বাগেরহাট-পিরোজপুর আঞ্চলিক মহাসড়কে ০৩টি পিসি/আরসি গার্ডার সেতু নির্মাণের অগ্রগতি ৩২.২৩%। কচুয়া (পিংগুড়িয়া)- তেলিগাতি-হেরমা-রামপাল জেলা মহাসড়কের ০৫টি আরসিসি গার্ডার সেতু নির্মাণ কাজের অগ্রগতি ৩০.৫০%। বাগেরহাট- রামপাল-মোংলা জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নয়ন শীর্ষক প্রকল্প ০৪টি প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করা হবে। উক্ত ০৪টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। বাগেরহাট-রামপাল-মোংলা জেলা মহাসড়কের কাজের অগ্রগতি- ১৮.৭২%। ঐ সড়কে চেইন ১৮+২৫১ মিটার উন্নয়ন কাজের অগ্রগতি ৫০.২৩%। উক্ত সড়কের চেইন ২২+৮৭৫ মিটার অগ্রগতি ৫৩.২৮%। উক্ত সড়কের ২২+৮৭৫ মিটার হতে ৩৩+৮২৮ মিটার পর্যন্ত কাজের অগ্রগতি ৬০.৫২%। এছাড়াও বাগেরহাট সড়ক বিভাগের বিভাগীয় কার্যাক্রমের ধারা অব্যাহত রেখে কাজের গতি তরান্বিত করেছেন। সড়ক সংলগ্ন জেলা পরিষদের ০২(দুই)টি গাছ বিধি মোতাবেক দ্রুত অপসারণের জন্য জেলা পরিষদকে অনুরোধ করা হয়েছে। কাস্টোডিয়ান, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাগেরহাট সভায় বলেন, ষাটগম্বুজ মসজিদ এর সামনের রাস্তা স্লোপ নির্মাণ করা প্রয়োজন এবং মসজিদ এলাকার অস্থায়ী দোকানের ময়লা- আবর্জনা যত্রতত্র ফেলা বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতি বলেন, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ ও কাস্টোডিয়ান সম্মিলিত ভাবে উক্ত সমস্যার সমাধান করবেন। | ৬.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>৬.২. সড়ক সংলগ্ন জেলা পরিষদের ০২(দুই)টি গাছ জেলা পরিষদ কর্তৃপক্ষকে বিধি মোতাবেক দ্রুত অপসারণের ব্যবস্থা নিতে হবে। | ১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।<br>২.নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, বাগেরহাট। |
| ৭ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাট সভায় বলেন, এলজিইডি বাগেরহাট এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে এপ্রিল, ২০২৪ মাসে ১৮টি ক্যাটাগরিতে গৃহীত স্কিমের সংখ্যা-৬৮২টি। সমাপ্ত-১৫০টি, অসমাপ্ত-৫৩২টি। প্রাক্কলিত মূল্য ৭৮৭১৬.১৮ লক্ষ টাকা এবং কাজের গড় অগ্রগতি ৬৯%। বাগেরহাট জেলায় ডিপিপিতে অন্তর্ভুক্ত ৫৬টি পুকুর পুনঃখনন করার স্কিম গ্রহণ করা হয়েছে। যার মধ্যে ১৮টির কাজ সমাপ্ত হয়েছে। ১৭টির কাজ চলমান আছে, ০৯টি বাতিল করা হয়েছে। এছাড়া ডিপিপিতে অন্তর্ভুক্ত ১২টি পুকুর খননের স্কিমের মধ্যে ০৯টির কাজ সমাপ্ত হয়েছে। | ৭.১. নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। কাজের গুণগত মান সঠিক ও সমুন্নত রাখার লক্ষ্যে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০১টি স্কিমের টেন্ডার Live এ আছে। ০১টি স্কিমের প্রাক্কলন অনুমোদন প্রক্রিয়াধীন আছে। বাগেরহাট জেলায় চলাচলের অনুপযোগী সড়কসমূহ মেরামত ও সংরক্ষণের জন্য ৫৩ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। যা চাহিদার তুলনায় ৩০%। বাগেরহাট জেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মোট ১২৯টি স্কিমের ২৩২.৬২ কোটি টাকা অনুমোদন পাওয়া গেছে। সকল স্কিমের দরপত্র আহ্বান করা হয়েছে। কাজ চলমান রয়েছে। | | |
| ৮ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে এপ্রিল, ২০২৪ মাস পর্যন্ত বিভিন্ন প্রকল্পে গৃহীত স্কিমের সংখ্যা ৭৫৯টি, সমাপ্ত ৪৯২টি। অসমাপ্ত ২৬৭টি। মোট প্রাক্কলিত অর্থের পরিমাণ ৪৯৫৪৫.৮৩ লক্ষ টাকা। কাজের অগ্রগতি ৯০%। অসমাপ্ত স্কিমের কাজ চলছে। | ৮.১. অসমাপ্ত প্রকল্পের কাজ দ্রুত সম্পন্নের লক্ষ্যে পরিদর্শন অব্যাহত রাখতে হবে যাতে কাজের গুণগত মান সঠিক ও সমুন্নত থাকে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট। |
| ৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে আর্সেনিক ঝুঁকি নিরসনের জন্য ১৫৩০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। এ কাজের অগ্রগতি ১০০%। নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে বরাদ্দ পাওয়া যায় ১৪১৯টি গভীর নলকূপ, ১২৩৯ টি রেইন ওয়াটার হারভেষ্টিং। এ কাজের অগ্রগতি ৮৮%। মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য পানির উৎস স্থাপন (২য় ও ৩য় পর্যায়ে) গভীর নলকূপ-১৮০টি, অগভীর নলকূপ-১১৩, রেইন ওয়াটার হারভেষ্টিং-২২১৩টি বরাদ্দ পাওয়া যায়। কাজের অগ্রগতি ৯৫%। জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত মোংলা ও রামপাল উপজেলার রেইন ওয়াটার হারভেস্টিং স্থাপন প্রকল্পে বরাদ্দ ১৫০০টি; কাজের অগ্রগতি ৭৫%। মোড়েলগঞ্জ ও শরণখোলা উপজেলায় বৃষ্টির পানি সংরক্ষণ প্রকল্পে মোট পানির উৎস রেইন ওয়াটার হারভেষ্টিংবরাদ্দ ৩৯৫০টি। কাজের অগ্রগতি ৮৫%। উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণ বাবদ রেইন ওয়াটার হারভেষ্টিং বরাদ্দ পাওয়া যায়। এছাড়া বিভিন্ন উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে ৩১০টি ওয়াশব্লক নির্মাণ ২৫৭১৭টি। এ কাজের অগ্রগতি ৬৪%। এছাড়া বিভিন্ন উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে ৫১৩ টি ওয়াশব্লক নির্মাণ কাজের মধ্যে ৪০% কাজ সমাপ্ত হয়েছে। ২৫৬টি সাবর্মাসিবল পাম্পযুক্ত গভীর/অগভীর নলকূল স্থাপন কাজের অগ্রগতি ৯০%। | ৯.১ জনগণের পানীয় জলের অভাব নিরসনকল্পে প্রকল্পের কাজের মান যথাযথ ও সঠিক হতে হবে। এ লক্ষ্যে জোরালো মনিটরিং অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট। |
| ১০ | পানি উন্নয়ন বোর্ড | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বাগেরহাট সভায় জানান, বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রয়েছে। রামপাল ক্যাম্পার সেন্টার ভাঙ্গনরোধে উক্ত স্থান ইতোমধ্যে পরিদর্শন করা হয়েছে। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। তিনি সভায় জানান, আরও দুই/এক সপ্তাহ স্লুইচ গেট বন্ধ থাকলে ধান কাঁটা শেষ হয়ে যাবে। তাই আগামী দুই/এক সপ্তাহ যাতে গেট বন্ধ রাখা যায় সে ব্যবস্থা নিশ্চিত করা প্রয়োজন। সভাপতি বলেন, ধান কর্তন শেষ না হওয়া পর্যন্ত সকল গেট বন্ধ রাখার যথাযথ ব্যবস্থা নিতে হবে। | ১০.১. বিভাগীয় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে। চলমান ধান কর্তন শেষ না হওয়া পর্যন্ত সকল গেট বন্ধ রাখার যথাযথ ব্যবস্থা নিতে হবে। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড বাগেরহাট। |
| ১১ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান যে, কমিউনিটি ক্লিনিক নির্মাণ/সংস্কার কাজ চলমান আছে। কাজের মান যাতে ভালো হয় সে লক্ষ্যে তদারকি করা হচ্ছে। অন্যদিকে নার্সিং কলেজের নির্মাণ কাজ দ্রুত গতিতে চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত উল্লেখযোগ্য তেমন কোন সমস্যা নেই। | ১১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, রবি/২০২৩ মৌসুমে কৃষি পুনর্বাসন/প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বিভিন্ন ফসলের ১২,৬৪০( গম-৫০০+ ভুট্টা-৬৪০+সরিষা-৩৬০০ সূর্যমুখী-৭৬০০+ খেসারি-৩০০) জন/ বিঘার, সমলয় চাষাবাদ এর ব্লক (৫০ একর) প্রদর্শনী ০২টি, বোর ধানের হাইব্রিড জাতের ২৭০০০ জন/বিঘা ও বেরো ধানের (উফশী)-২৭০০০ জন/বিঘা বরাদ্দ পাওয়া গেছে। যাহা উপজেলায় উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে এবং বিতরণ কার্যক্রম চলছে। চলতি মৌসুমে আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড ৫৩,০১০ হেক্টর, উফশী ৯,৮৬০ হেক্টর এবং স্থানীয় ১৫০ হেক্টরসহ মোট ৬৩,০২০ হেক্টর ধার্য করা হয়েছে। আমন ধান হাইব্রিড-৫৫,২৭৪ হেক্টর, উফশী-৭,২৭৮ হেক্টর ও স্থানীয় ১৬২ হেক্টরসহ মোট ৬২,৭১৪ হেক্টর। এছাড়া সবজী ৯১৫৬ হেক্টর, খেসারি ৬৪৪০ হেক্টর, মরিচ ৩৬৮ হেক্টর, গম ২১৪ হেক্টর, ভুট্টা ৪৭৯ হেক্টর, আলু ৪৮৭ হেক্টর, মিষ্টি আলু ২৩৪ হেক্টর, আখ ২৯০ হেক্টর, সরিষা ১৬০৩ হেক্টর, চিনা বাদাম ৫০ হেক্টর, সূর্যমুখী ১০৪৮ হেক্টর, মসুর ৪৬৭ হেক্টর, মটর ২৭ হেক্টর, পিঁয়াজ ১৪৭ হেক্টর, রসুন ৮১ হেক্টর এবং ধনিয়া ১৮৫ হেক্টর অর্জিত হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। কৃষি বিভাগের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। | ১২.১ বাগেরহাট জেলার কৃষির উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। পুনর্বাসন/ প্রণোদনার সার ও বীজ প্রকৃত কৃষকদের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট। |
| ১৩ | কৃষি বিপণন অধিদপ্তর | জেলা কৃষি বিপণন কর্মকর্তা, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত আছে। মার্চ, ২০২৪ মাসের সাথে এপ্রিল, ২০২৪ মাসের ৩য় সপ্তাহে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সাথে তুলনামূলক বাজার দর পর্যালোচনায় দেখা যায় যে, মসুর ডাল, আলু, কাঁচা মরিচ, মদশী রসুন, সয়াবিন তৈল, পাম/মুপার পাম,গরুর মাংসের, কক/সোনালী ব্রালার মুরগীর বাজার দর বৃদ্ধি পেয়েছে। অপর দিকে ছোলা ও দেশী পেঁয়াজের দাম সামান্য হ্রাস পেয়েছে। অন্যান্য নিত্যপণ্যের বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। কৃষি বিপণন লাইসেন্স খাতে ৩৩,৫৮০/- টাকার নন-ট্যাক্স রেভিনিউ জমা হয়েছে। কৃষি বিপণন অধিদপ্তর হতে ব্যবসায়ীদের মধ্যে বিনামূল্যে বিতরণকৃত নিত্যপণ্যের মূল্য তালিকা বোর্ড যাতে যথাযথভাবে আপডেড করা হয় সে বিষয়টি ফলো-আপ করা হচ্ছে। তিনি আরও বলেন, কচুয়া ও ফকিরহাট উপজেলায় চলমান এসএসিপি প্রকল্পের আওতায় কৃষক ও ক্ষুদ্র উদ্যোক্তাদের পোষ্ট হার্ভেস্ট ও প্রাইমারী প্রসেসিং এবং বিজনেস ডেভেলপমেন্ট স্কীল এর উপর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১৩.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। নিত্য প্রয়োজনীয় দ্রব্য/ সামগ্রীর মূল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার লক্ষ্যে চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বাগেরহাট এর প্রতিনিধিসহ বাজার তদারকি করতে হবে। | ১. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বাগেরহাট<br>২. জেলা কৃষি বিপণন কর্মকর্তা, বাগেরহাট। |
| ১৪ | বাগেরহাট পৌরসভা | বাগেরহাট পৌরসভার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না হওয়ায় বাগেরহাট পৌরসভার উন্নয়নমূলক কাজের অগ্রগতি বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ১৪.১. আগামী সভাগুলোতে উপস্থিত থাকতে হবে। | মেয়র, বাগেরহাট পৌরসভা। |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, বাগেরহাট সভায় জানান, পরিবার পরিকল্পনা কার্যক্রমের এপ্রিল, ২০২৪ মাসে খাওয়ার বড়ি লক্ষ্যমাত্রা ১১৮৯১৪, অর্জন ১১৮৫৯৩, কনডম লক্ষ্যমাত্রা ২১৩৪৪, অর্জন ২০৩৫৫, ইনজেকটেবল লক্ষ্যমাত্রা ৫৭৯৩৩, অর্জন ৪৪৫৫৭, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা ১৪০, অর্জন ৭২, ইমপ্ল্যান্ট লক্ষ্যমাত্রা ৫০০, অর্জন ৫৯৯, আইইউডি লক্ষ্যমাত্রা ২৫১, অর্জন ২০৫ জন। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারি ৫০ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারি ৩৫, সিএসবি কর্মী/ প্রশিক্ষণ প্রাপ্ত কর্মী ২৩৪। স্টোর-কাম-উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়সমূহ এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মেরামত, পুনঃনির্মাণ ও সংস্কার এর জন্য পত্র প্রেরণ করা হয়েছে। কিছু কিছু কেন্দ্র মেরামত, পুনঃনির্মাণ ও সংস্কার কার্যক্রম চলমান। | ১৫.১. চলমান কমিউনিটি ক্লিনিক পুনঃনির্মাণ/ মেরামত/ সংস্কার কাজ তদারকি করতে হবে এবং কমিউনিটি ক্লিনিক পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | খাদ্য বিভাগ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট সভায় জানান, এ জেলায় ওএমএস কর্মসূচি চলমান রয়েছে। জেলায় আমন সিদ্ধ চাল সংগ্রহ ৪৩৭৪.৫৩৮মেঃটন, গম সংগ্রহ ১০২৬.৩১৩ মেঃটন। তাছাড়া এ পর্যন্ত বাগেরেহাট জেলা সদর পৌরসভা, উপজেলা সদর, জেলা সদর বহির্ভূত পৌরসভায় উত্তোলিত খাদ্যশস্যের পরিমাণ ৮২৭.৫০০ মেঃটন, এবং বিক্রির পরিমাণ ৮১৭.৫০০ মেঃটন, খাদ্যবান্ধব কর্মসূচিতে ৯টি উপজেলায় ৮১ জন ডিলারের মাধ্যমে ৮১৯১৩ জন উপকারভোগীর বিপরীতে বরাদ্দের পরিমাণ ৪০৯.৫৬৫ মেঃটন। ভিজিডি খাতে কার্ডের সংখ্যা ২১১৩০ এবং উক্ত কার্ডের বিপরীতে ৬৩৩.৯০০ মেঃটন খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। ভিডব্লিউবি কর্মসূচিতে মোরেলগঞ্জ, রায়েন্দা, ফকিরহাট ও চিতলমারী উপজেলায় পুষ্টি চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বলেন, মিল থেকে যে সকল বস্তা সংগ্রহ করা হয় সেগুলোতে অবশ্যই সীল মারা থাকতে হবে। | ১৬.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। মিল থেকে যে সকল বস্তা সংগ্রহ করা হয় সেগুলোতে অবশ্যই সীল মারা থাকতে হবে। এছাড়া খাদ্যশস্য বিতরণের সময় ট্যাগ অফিসাগণকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগেরহাট। |
| ১৭ | নিরাপদ খাদ্য | জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, বাগেরহাট সভায় জানান, নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে কার্যক্রম চলমান আছে। ভেজাল ও অনিরাপদ খাদ্য উপকরণ তৈরি ও বাজারজাতকরণ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি ও নিরাপদ খাদ্য আইন-২০১৩ সম্পর্কে খাদ্য ব্যবসায়ী থেকে শুরু করে জনসাধারণকে অবহিতকরণ কার্যক্রম চলমান রয়েছে। মার্চ, ২০২৪ মাসে জেলা কার্যালয়, বাগেরহাট কর্তৃক বাগেরহাট এ অবস্থিত বিভিন্ন হোটেল রেস্তারাঁ, কাঁচা বাজার, মিষ্টি ও বেকারীর দোকান, মুদি দোকান এবং খাদ্য স্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া চিতলমারী উপজেলায় প্রাথমিক শিক্ষকদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনমূলক কর্মসূচি ও বাগেরহাট সদর উপজেলায় ইফতার প্রস্তুতকারী ৩৫ জন খাদ্যকর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। গৃহিনীদের অংশগ্রহণে ও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে নিরাপদ খাস্য বিষয়ক সচেতনমূলক কর্মসূচি বাস্তবায়ন করা হয়। সভাপতি বলেন, নিরাপদ খাদ্য ব্যবস্থা নিশ্চিত করার জন্য অভিযান পরিচালনা বৃদ্ধি করতে হবে। এছাড়া প্রচার-প্রচারণা জোরদার করতে হবে। | ১৭.১. নিরাপদ খাদ্য ব্যবস্থা নিশ্চিত করার জন্য অভিযান পরিচালনা বৃদ্ধি করতে হবে। এছাড়া প্রচার-প্রচারণা জোরদার করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, জেলা কার্যালয়, বাগেরহাট। |
| ১৮ | জেলা মৎস্য অফিস | জেলা মৎস্য অফিসার, বাগেরহাট সভায় জানান, সাসটেইনেবল কোস্টাল এ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট থেকে শরণখোলা উপজেলায় একটি সার্ভিলেন্স স্টেশন স্থাপন করা হবে। সার্ভিলেন্স স্টেশন স্থাপনের জন্য ১.০০ একর খাস জমি প্রয়োজন। এ ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা এর সাথে যোগাযোগ করে জায়গা চিহ্নিত করা হয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের মতামত ও সিদ্ধান্তের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। প্রতি বছরের ন্যায় এবছরও ০১ নভেম্বর, ২০২৩ হতে ৩০ জুন, ২০২৪ মাসে পর্যন্ত ০৮( আট) মাস জাটকা সংরক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। উক্ত সময়ে মৎস্য সংরক্ষণ আইনে ২৫ সে:মি: বা ১০ ইঞ্চি আকারের ছোট সাইজের ইলিশের পোনা(জাটকা) আহরণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ করণ করা হয়েছে। এ বিষয়ে জনসচেতনতা, উদ্বুদ্ধকরণ সভা, মাইকিংসহ প্রচার-প্রচারণা অব্যাহত আছে। বিগত মাসে ০৩টি মোবাইল কোর্ট ও ০৭টি অভিযান পরিচালনা করা হয়েছে। এছাড়া নদ-নদী ও খালে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে বাঁধ, পাটা, অবৈধ জাল উচ্ছেদ করা কাজ চলমান আছে। সভাপতি বলেন, কোনো প্রকারের অবৈধ বাঁধ, পাটা, জাল দৃষ্টি গোচর হলে তা অবশ্যই অপসারণ করতে হবে। | ১৮.১. নদী/খালের অবৈধ বাঁধ/ পাটা অপসারণ অব্যাহত রাখতে হবে। চিংড়ির ডিপোর পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। | জেলা মৎস্য অফিসার, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | জেলা প্রাণিসম্পদ দপ্তর | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাগেরহাট সভায় বলেন, মার্চ, ২০২৪ মাসে কৃত্রিম প্রজনন কার্যক্রম (হিমায়িত সিমেন দ্বারা) ৮৪২টি, সংকর জাতের বাছুর-৩৬৪টি, গবাদিপশু টিকাদান-৪৫৮০৬টি, হাঁসমুরগি টিকাদান-১৮৭০৪০০টি, গবাদি পশুর চিকিৎসা ২২৫৭২টি, হাঁস মুরগির চিকিৎসা- ৮০১৩৪টি, পোষা প্রাণীর চিকিৎসা-১০৪টি, গবাদিপশুর রোগ অনুসন্ধান নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ ১২০টি, গবাদিপশু পাখির ডিজিজ সার্ভিলেন্স- ২৪টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১৫টি, খামারী প্রশিক্ষণ- ৩৩৬৫ জন, মাংস প্রক্রিয়াজাতকারী ৩২ জন, উঠান বৈঠক আয়োজন ৬৭টি, স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ ২২.০০ একর, খামার/ফিড মিল/ হ্যাচারী পরিদর্শন ১২০টি, গবাদি পশু খামার রেজিস্ট্রেশন ও নবায়ন ২৬টি, পোল্ট্রিখামার রেজিস্ট্রেশন ও নবায়ন ০৭টি, মোবাইল কোর্ট পরিচালনা করা হয় ০২টি, দুধ উৎপাদন ১৮৬৫৪ মেঃটন, মাংস উৎপাদন- ১১০০০ মেঃটন এবং ডিম উৎপাদন-৩২৬ কোটি। রাজস্ব খাতে টিকাবীজ বিক্রয় বাবদ-৩,৫২,৮৫০/-এবং কৃত্রিম প্রজনন চার্জ বাবদ ২,৫৫,১৫০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, প্রচন্ড গরমে গবাদি-পশুদের স্বাস্থ্য রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য খামার মালিকদের নিয়ে সভা করে তাদের সচেতন করতে হবে। | ১৯.১ পশু চিকিৎসা, খামার ও পশু খাদ্যের দোকান পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br><br>১৯.২. গরমে গবাদি-পশুদের স্বাস্থ্য রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য খামার মালিকদের নিয়ে সভা করে তাদের সচেতন করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাগেরহাট। |
| ২০ | জেলা সমাজসেবা কার্যালয় | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট সভায় জানান, বাগেরহাট জেলায় ৪৭,৭০৭ জনকে প্রতিবন্ধী হিসেবে শনাক্ত ও ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। প্রতিবন্ধী পরিচয়পত্র তৈরি ও বিতরণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। ১৪৩৭৫৪ জন ভাতাভোগীর ডাটা এন্ট্রি (MIS) শতভাগ সম্পন্ন হয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে ৭১৬০৫ জনকে বয়স্কভাতা, ৩৮১০২ জনকে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, ৩৯৮৫৮ জনকে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, ৭৫৫ জনকে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, ৪৯ জনকে হিজড়া বিশেষ ভাতা, ৫৮৬ জনকে অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ বয়স্ক ভাতা, ০৩ জনকে বেদে জনগোষ্ঠীর বিশেষ বয়স্কভাতা, ৬১৬ জনকে অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রদান করা হচ্ছে। ০৯টি উপজেলায় ও পৌরসভায় ক্ষুদ্রঋণ কার্যক্রমে এ পর্যন্ত মোট বিনিয়োগকৃত অর্থ ১৬,৮০,১০,২৯৮/- টাকা এবং পুনঃ বিনিয়োগকৃত অর্থ ৩৯,৬৮,৩৫,৬৫৯/- টাকা। তিনি আরও বলেন, মোরেলগঞ্জ উপজেলার বয়স্ক ভাতার তালিকা পাওয়া যায়নি। এছাড়া মোরেলগঞ্জ উপজেলার ভিক্ষুক পুনর্বাসনের তালিকা না পাওয়ায় টাকা বন্টন করা যাচ্ছে না। সভাপতি বয়স্ক ভাতার তালিকা এবং ভিক্ষুক পুনর্বাসনের তালিকা দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদান করেন। | ২০.১. উপকারভোগীদের সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ে প্রদানের ব্যবস্থা নিতে হবে। মোরেলগঞ্জ উপজলার বয়স্ক ভাতা এবং ভিক্ষুক পুনর্বাসনের অর্থ দ্রুত বন্টনের ব্যবস্থা নিতে হবে। | ১.উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ।<br>২.উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট। |
| ২১ | জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট সভায় জানান, জেলার সকল উপজেলা শিক্ষা অফিসারগণকে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বিষয়টি নিয়মিত তদারকি করা হয়ে থাকে। ১ম সেশনে ৯১৭ মার্চ-৩০ মার্চ ২০২৪) জেলার ০৯টি উপজেলার মোট ১৯৩ জন সহকারী শিক্ষকের অনলাইন বদলী অনুমোদন দেয় হয়েছে। সরকারী প্রথমিক বিদ্যালয়ে "সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩"এর লিখিত পরীক্ষায় এ জেলার ০৯টি উপজেলায় ১৪৩৭ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১৮/০৩/২০২৪ শুরু হয়েছে এবং আগমী ২২/০৪/২০২৪ তারিখ শেষ হবে। জেলায় ০৯টি উপজেলার সমন্বয়ে ইনোভেশন মেলা শেষ হয়েছে। উক্ত মেলায় অংশগ্রহণকারীদের মধ্যে হতে ০৩টি ইনোভেটিভ আইডিয়া বিভাগীয় কার্যালয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো। | ২১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান ও আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | জেলা শিক্ষা অফিস | জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট সভায় জানান যে, শিক্ষা কর্মকর্তাগণ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন জতীয় অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। ০৯ দিনে ০৩টি ব্যাচে ০৩দিন ব্যপী নতুন জাতীয় শিক্ষাক্রম বিস্তরণের বিষয়ে মাধ্যমিক পর্যায়ে প্রধানও সহপ্রধানদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ৭৯০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ৬ষ্ঠ ও ৭ম, ৮ম ও ৯ম শ্রেণির নতুন কারিকুলাম যথাযথ বাস্তবায়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে আত্মহত্যা, মাদক, বাল্যবিবাহ, ইভটিজিং ও মোবাইল আসক্তি দূর করতে শিক্ষক, অভিভাবক ও জেলা শিক্ষা অফিসার উপস্থিতে ০৮টি সচেতনতা সভা করা হয়েছে। আলোকিত ও মানবিক মোল্লাহাট উপজেলা মডেলের অনুরূপ জেলার অপর ৮টি উপজেলায় ১০টি করে মোট ৮০টি শিক্ষা প্রতিষ্ঠানে চলমান লাইব্রেরি কার্যক্রম জোরদার করা হয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেল পুষ্প কানন তৈরির কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। জেলার বিদ্যালয়সমূহে আয়রন ফলিক এসিড (IFA) ট্যাবলেট খাওয়ানোর কার্যক্রম চলমান রয়েছে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মোবাইল ব্যবহার সীমিতকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে দেয়ালিকা লিখন ও ভেষজ গাছ রোপণের উপর গুরুত্ব প্রদান করা হয়েছে। | ২২.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান ও আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট। |
| ২৩ | জেলা সমবায় দপ্তর | জেলা সমবায় অফিসার, বাগেরহাট সভায় বলেন, নিবন্ধিত সমিতির সংখ্যা ১৮৬০টি। অডিট ফি ২০২০-২০২১ ও ২০২১-২২ অর্থ বছরে ধার্য ১৩,৩৮,৫০৬/- টাকা। আদায় ১২,৯৩,২৪০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিল ধার্য ৬,২৬,৮০২/-টাকা। আদায় ৪,০৭,৪৬০/- টাকা। ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও অন্যান্য প্রশিক্ষণ ৫২৫ জন। উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় চিতলমারী ও মোল্লাহাট উপজেলায় ২+২=০৪টি মহিলা সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। সমিতির সদস্য ৪০০ জন। বিনা সুদে ২ শতাংশ সার্ভিস চার্জে উন্নত জাতের গাভী ক্রয় ও পালনের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) করে টাকা এবং গোখাদ্য বাবদ ২০,০০০/- টাকার চেক প্রত্যেককে বিতরণ করা হয়েছে। আবর্তক ঋণ গ্রহীতার সংখ্যা মোল্লাহাটে ৩৩৮ জন ও চিতলমারীতে ৪০৮ জন। এ জেলার আশ্রয়ণ সমবায় সমিতির নিবন্ধের সংখ্যা ৫২টি। লোকাল গভর্নমেন্ট ইনিশিয়েটিভ অন ক্লাইমেট চেঞ্জ নিবন্ধিত সমিতির সংখ্যা ৪০টি। আবর্তক ঋণ আদায় মোল্লাহাট-৭৬% ও চিতলমারী-৮৩%। মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের মাঝে ঘর প্রদান প্রকল্পের আওতায় সমবায় বিভাগ কর্তৃক বাগেরহাটে আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধনের সংখ্যা ৫২টি। | ২৩.১ ঋনের অর্থ আদায় এবং বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা সমবায় অফিসার, বাগেরহাট। |
| ২৪ | জেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অফিস, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণে উপকারভোগীর সংখ্যা যথাক্রমে জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচিতে ১০০ জন, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে (WTC) ৯০ জন, ভিডব্লিউবি কর্মসূচিতে ২১১৩০ জন। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলে ১০৮৯ জন। মা ও শিশু সহায়তা কর্মসূচিতে ৭৬৪৪ জন। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমে ২৯৮৪ জন। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সদস্যের সংখ্যা-২৩৪০। এক্সিলারেটিং প্রোটেকশন ফর চিলড্রেন(এপিসি) প্রকল্পে কমিউনিটি হাব প্রতিষ্ঠানে ৫৬১ জন অংশগ্রহণ করেছেন। | ২৪.১. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অফিস, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান, পোশাক তৈরি, মৎস্য চাষ, বেসিক কম্পিউটার, ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং, ইলেকট্রনিক্স রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ও মোবাইল ফোন সার্ভিসিং প্রশিক্ষণ চলমান রয়েছে। বাস্তবায়ন অগ্রগতি ১০০%। জেলার ০৯টি উপজেলা কার্যালয়ের মাধ্যমে অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে। বাস্তবায়ন অগ্রগতি ১০০%। যুব ঋণ কার্যক্রম-০৯টি উপজেলায় বরাদ্দ ৫,৩২,৩৩,২০০/- টাকা। ঋণ বিতরণ ৪০,৯৫,৩৩,৩৮৪/- টাকা। ঋণ গ্রহীতার সংখ্যা ৩৪৪৭৫ জন, আদায়ের হার ৯৩%। তিনি আরোও বলেন, সকলকে ড্রাইভিং প্রশিক্ষণ নেয়ার জন্য অনুরোধ করেন। | ২৫.১. বিভাগীয় কার্যক্রমের ধারা ও ঋণের অর্থে যুবরা আত্মকর্মী হচ্ছে কি না তা তদারকি করতে হবে। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট। |
| ২৬ | জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি এর কার্যালয় | জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, বাগেরহাট বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না হওয়ায় বাগেরহাট পৌরসভার উন্নয়নমূলক কাজের অগ্রগতি বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ২৬.১. আগামী সভাগুলোতে উপস্থিত থাকতে হবে।<br>২৬.২ রামপাল বিদ্যুৎ কেন্দ্রে আনসার সদস্য মোতায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বাগেরহাট। |
| ২৭ | পরিসংখ্যান বিভাগ | উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, বাগেরহাট সভায় জানান যে, বাগেরহাট এর আওতায় ০৯টি উপজেলায় কৃষি ক্যালেন্ডার অনুযায়ী মাসিক কৃষি মজুরিসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের নিয়মিত রিপোর্ট যথাযময়ে প্রেরণ করা হয়েছে। শ্রমশক্তি সম্পর্কিত হালনাগদ পরিসংখ্যান সরবরাহের লক্ষ্যে এ জেলা হতে নির্বাচিত মোট ১২টি নমুনা এলাকায় এ জরিপ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ভোক্তার মূল্য সূচক নিরুপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্য স্ফীতি নির্ধারণের লক্ষ্যে তথ্য সংগ্রহ করে যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ করা হয়। | ২৭.১. সঠিক ও স্বচ্ছভাবে জরিপ কার্যক্রম পরিচালনার করতে হবে। জরিপের বিষয়টি জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত রাখতে হবে। | ১. বিভাগীয় প্রধান (সকল)<br>২. উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, বাগেরহাট। |
| ২৮ | জেলা তথ্য অফিস | উপপরিচালক, জেলা তথ্য অফিস, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, মার্চ, ২০২৪ মাসে এপিএ কর্মসূচির আওতায় ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী-১২টি, সংগীতানুষ্ঠান-০৩ দিন, উন্মক্ত বৈঠক-০১টি, মহিলা সমাবেশ-০১টি, সড়ক প্রচার-১০ ইউনিট, পিএই কভারেজ-১৫টি, পুস্তিকা-৮০০০কপি। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি বলেন, আগামী মাসে ১ম ধাপে নির্বাচন শুরু হবে। সে লক্ষ্যে নির্বাচনের প্রচার - প্রচারণা অব্যহত রাখতে হবে। | ২৮.১. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, জেলা তথ্য অফিস, বাগেরহাট। |
| ২৯ | পরিবেশ অধিদপ্তর | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, বাগেরহাট সভায় বলেন, মার্চ, ২০২৪ মাসে পরিবেশগত ছাড়পত্র-০১টি, পরিবেশগত নবায়ন-৩৭টি প্রদান করা হয়েছে। এছাড়া পরিবেশগত ছাড়পত্র ফি বাবদ ২২,০০০/- টাকা, নবায়ন ফি বাবদ ৫,৭১,০০০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। এ মাসে পলিথিনের উপর ০৩টি মোবাইল ও শব্দ দূষণের উপর ০২টি মোবাইল কোর্টে ০৬টি মামলায় ১০টি হর্ন জব্দ ও ৩৮৩ কেজি পলিথিন জব্দ কার্যক্রম পরিচালনা করে ২,৯০০/- টাকা জরিমানা আদায় করে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। এ জেলার বিদ্যমান শিল্প কারখানা/ প্রকল্পের আবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় পরিদর্শন ও পরীক্ষা- নিরীক্ষাপূর্বক পরিবেশগত ছাড়পত্র প্রদান ও নবায়ন প্রদান করা হয়। শিল্প প্রতিষ্ঠানের জরিপ, দূষণকারী শিল্প প্রতিষ্ঠান চিহ্নিতকরণসহ পরিবেশ দূষণ সংক্রান্ত অভিযোগ গ্রহণ এবং তা তদন্তের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। সভাপতি বলেন, পরিবেশ দূষণ সংক্রান্ত অভিযোগ গ্রহণ এবং তা নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ২৯.১. পরিবেশ রক্ষার বিষয়টি ব্যাপকভাবে প্রচার-প্রচারণার ব্যবস্থা নিতে হবে। পরিবেশ রক্ষায় প্রয়োজনে অভিযান পরিচালনা করতে হবে।<br>২৯.২. ECA কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট।<br>২. উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | সুন্দরবন পূর্ব বন বিভাগ | বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাট সভায় জানান, সুন্দরবনের বনজ ও মৎস্য সম্পদ তথা জীববৈচিত্র্য সংরক্ষণের স্বার্থে স্মার্ট পেট্রোলিং কার্যক্রম চলমান রয়েছে। চাঁদপাই ও শরণখোলা রেঞ্জে ০২টি করে ০৪ টি স্মার্ট পেট্রোলিং টিম কাজ করছে। টিমসমূহ পর্যায়ক্রমে ০৭ দিন করে প্রতি মাসে প্রতিটি রেঞ্জে ০২টি করে মোট ৪টি টহল কার্যক্রম পরিচালনা করে আসছে। মার্চ/২০২৪ মাসে সুন্দরবনের অভ্যন্তরে ০৪টি স্মার্ট টিম ০৪টি টহল কার্যক্রম পরিচালনা করে ২২৮৪ কিলোমিটার টহল করেছে। সুন্দরবন সুরক্ষা" প্রকল্পের আওতায় চাঁদপাই ও শরণখোলা রেঞ্জের ০৬টি দ্বিতলা অফিস কাম স্টাফ ব্যারাকের নির্মাণ কাজ চলমান রয়েছে। সুন্দরবন পূর্ব বন বিভাগের চলমান প্রকল্পসমূহ (১) সুন্দরবনের পরিবেশ বান্ধব (ইকোট্যুরিজম) সুবিধা সম্প্রসারণ এবং উন্নয়ন প্রকল্প (২) সুন্দরবন সুরক্ষা প্রকল্প। ২০২৩-২৪ অর্থবছরে ০৬টি দ্বিতল অফিস কাম-স্টাফ ব্যারাকের নির্মাণ কাজ চলমান রয়েছে। | ৩০.১. উন্নয়ন কাজের মান অক্ষুন্ন রাখতে তদারকির ব্যবস্থা নিতে হবে। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় বন কর্মকর্তা, সুন্দরবন পূর্ব বন বিভাগ, বাগেরহাট। |
| ৩১ | সামাজিক বন বিভাগ | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরে পরিচালন ব্যয় খাতের ২৫ কিঃমিঃ স্ট্রিপ বাগান, ১০ কিঃমিঃ ২য় আবর্তের বাগান এবং উপকূলীয় বাঁধ উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ কিঃমিঃ বাঁধ বাগান, ০৯ কিঃমিঃ ম্যানগ্রোভ বাগান সৃজনের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে সুন্দরবন সুরক্ষা প্রকল্পের আওতায় ৬০ হেক্টর চর বনায়ন, ১৭৬ কিঃমিঃ স্ট্রিপ বাগান, ৫ কিঃমিঃ গোলপাতা বনায়ন এবং পরিচালনা ব্যয় খাতের আওতায় ১৫ কিঃমিঃ স্ট্রিপ বাগান সৃজনের লক্ষমাত্রা রয়েছে। সুরক্ষা প্রকল্পে স্টিপ বাগান সৃজনের জন্য নার্সারিতে চারা উত্তোলন কার্যক্রম চলমান আছে এবং ম্যানগ্রোভ বাগান সৃজন কার্যক্রম চলমান আছে। এছাড়া তিনি এল এ কেসভূক্ত গাছের মূল্য নির্ধারণের চিঠিতে সংশ্লিষ্ট অফিসারের যোগাযোগ নম্বর উল্লেখ করার অনুরোধ করেন। | ৩১.১. বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট। |
| ৩২ | ওজোপাডিকো | নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, বাগেরহাট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম চলমান আছে। এপ্রিল, ২০২৪ মাসে বকেয়ার দায়ে সংযোগ বিচ্ছিন্ন ২৪টি, বকেয়া বাবদ আদায় ৩,৫২,২৫৭/- টাকা। বাগেরহাট পৌরসভার নিকট ২১টি হিসাব নম্বরে বিপরীতে এ পর্যন্ত প্রায় ৪,২১,৩৬,৫৭৩/-টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। যে সকল প্রতিষ্ঠানের নিকট বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে, সে সকল প্রতিষ্ঠানকে বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ জানান। সভাপতি বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সংশ্লিষ্ট সকল বিভাগের প্রধানকে অনুরোধ জানান। এছাড়া নির্বাহী প্রকৌশলীকে সংশ্লিষ্ট বিভাগের সাথে পত্র যোগাযোগের পরামর্শ প্রদান করেন। | ৩২.১. বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগের প্রধানকে অনুরোধ জানানো হয়। এছাড়া নির্বাহী প্রকৌশলী সংশ্লিষ্ট দপ্তর/ বিভাগ/ গ্রাহকের সাথে পত্র যোগাযোগ অব্যাহত রাখবেন। | ১. বিভাগীয় প্রধান (সকল)।<br>২.নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, বাগেরহাট। |
| ৩৩ | বাগেরহাট পল্লীবিদ্যুৎ সমিতি | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, বাগেরহাট সভায় জানান, সরকারি বিভিন্ন সংস্থার নিকট বিদ্যুৎ বিল বাবদ ৪,০৬,১৪,৯৫৪/- টাকা অনাদায়ী রয়েছে। এছাড়াও সমিতির বিভিন্ন শ্রেণির সম্মানিত গ্রাহকগণের নিকট বিদ্যুৎ বিল বাবদ ৩২,৫৮,৮৫.৫০৩/- টাকা অনাদায়ী রয়েছে। তন্মধ্যে বাগেরহাট পৌরসভার নিকট এ পর্যন্ত প্রায় ১,৩৬,৭১,৩২৮/-টাকা। মোল্লাহাট ও ফকিরহাট উপজেলার মডেল মসজিদ এর নিকট সর্বমোট ১২,১১,২৬৯/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে।এছাড়া মার্চ, ২০২৪ মাসে বিদ্যুৎ বিল বকেয়া থাকায় ৯৯৮ জন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করার বিপরীতে ৩৫,৯০,৮৮৫৩১,১৩,২৮৮/- টাকা আদায় করা হয়েছে। অবৈধভাবে বিদ্যুৎ সরবরাহকারী গ্রাহকদের বিরুদ্ধে ৩,৬০,৯৭৮/- টাকা জরিমানা আদায় করা হয় এবং তিনি যে সকল প্রতিষ্ঠানের নিকট বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে সে সকল প্রতিষ্ঠানকে বিদ্যুৎ বিল পরিশোধের জন্য বিশেষভাবে অনুরোধ জানান। এছাড়া মডেল মসজিদের বিদ্যুৎ বিল কি ভাবে পরিশোধ হবে এ বিষয়ে নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগের অনুরোধ জানান। | ৩৩.১. বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ/গ্রাহকের সাথে পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভপতি মডেল মসজিদের বিদ্যুৎ বিল পরিশোধের জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাগেরহাট এবং অন্যান্য বিভাগ/দপ্তর এর নিকট পাওনা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্টদের সাথে পত্র যোগাযোগের অনুরোধ জানান। | | |
| ৩৪ | পাসপোর্ট অফিস | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, এপ্রিল, ২০২৪ মাসে ই-পাসপোর্ট আবেদন জমা পড়েছে ২,১৭৯টি। তৈরিকৃত পাসপোর্ট প্রাপ্ত ২৪৬৯টি। তৈরি পাসপোর্ট বিতরণ ২৪৯৬টি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।সবাপতি বলেন, মানুষ যাতে হয়রানি না হয় সেদিকে বিশেষ নজর রাখতে হবে। | ৩৪.১. জনগণের হয়রানি বন্ধে গৃহীত পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, বাগেরহাট। |
| ৩৫ | জেলা নির্বাচন অফিস | জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট সভায় জানান, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে বাগেরহাট জেলার সকল উপজেলার খসড়া ভোটকেন্দ্রের তালিকা সংশ্লিষ্ট উপজেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি ও জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটির মাধ্যমে চূড়ান্ত করে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকায় প্রেরণ করা হয়েছে। ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে বাগেরহাট জেলার ১ম পর্যায়ে বাগেরহাট সদর, কচুয়া ও রামপাল উপজেলার ভোটগ্রহণ আগামী ০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে এবং ২য় ধাপে ফকিরহাট, মোল্লাহাট ও চিতলমারী উপজেলার ভোটগ্রহণ আগামী ২১ মে, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হবে। বাগেরহাট জেলার কচুয়া উপজেলার গোপালপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে আগামী ২৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। জাতীয় পরিচয়পত্রের সেবা সংক্রান্ত কার্যক্রম (নতুন অন্তর্ভুক্তি, সংশোধন, হারানো ও স্থানান্তর) জেলা কার্যালয়সহ আওতাধীন সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে চলমান রয়েছে। তবে তফসিলভুক্ত উপজেলার স্থানান্তর কার্যক্রম নির্বাচন কমিশন সচিবালয়ের নির্দেশনা মোতাবেক বন্ধ আছে। তিনি আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে সকলের সহয়োগিতা কামনা করেন। সভাপতি বলেন, উপজেলা পরিষদ নির্বাচন প্রক্রিয়া শুরু হয়েছে। তাই নির্বাচন সম্পন্ন না হওয়া পর্যন্ত স্কুলের শিক্ষকদের বদলি বন্ধ রাখতে হবে। এ বিষয়ে শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | ৩৫.১. উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় প্রধান (সকল), বাগেরহাট।<br>২.জেলা নির্বাচন অফিসার, বাগেরহাট। |
| ৩৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাগেরহাট এর প্রতিনিধি সভায় বলেন, জেলায় মার্চ, ২০২৪ মাসে মোট অগ্নিকান্ডের সংখ্যা- ৩০টি, দূর্ঘটনার সংখ্যা-০৯টি, ক্ষতির পরিমাণ-৩,৫৫,৫০০০/-টাকা, উদ্ধারের পরিমাণ-১১,৭২,০০০০/-টাকা। এ্যাম্বুলেন্স সার্ভিসে মোট কল সংখ্যা- ১১টি, রোগী-১১ জন, মোট ফি আদায় ৫,৮৭৭/-টাকা। বাগেরহাট জেলায় প্রশিক্ষণ ও গণসংযোগ, টপোগ্রাফি ও মহড়া কার্যক্রম- ৩৩টি। সভাপতি বলেন, আগুনের দূর্ঘটনা যে কোনো সময় ঘটতে পারে। সে জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগকে অধিক সতর্ক থাকতে হবে। ফায়ার সার্ভিস নম্বর ০১৮১১-৫৫১৩৩৬ সাধারণ জনগণের কাছে প্রচারের ব্যবস্থা করতে হবে। | ৩৬.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাগেরহাট। |
| ৩৭ | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান, ভেজাল খাদ্যদ্রব্য বাজারজাতকরণ প্রতিরোধে প্রতি মাসে বাজার তদারকিমূলক কার্যক্রম চলমান রয়েছে। গত মার্চ, ২০২৪ মাসে মোট ১৬টি বাজার অভিযানে বিভিন্ন প্রতিষ্ঠানের ক্রেতা বিক্রেতাদের মাঝে সচেতনতামূলক লিফলেট ও মাস্ক বিতরণ এবং ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে ৫০টি প্রতিষ্ঠানকে ২,১৬,৫০০/-টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। ব্যবসায়ীদের দৃশ্যমান স্থানে পণ্যের মূল্য তালিকা টাঙানো, ন্যায্য মূল্যে পণ্য বিক্রি করা, ক্রয় ভাউচার সংরক্ষণ করা, নকল ও ভেজাল পণ্য/ঔষধ বিক্রয় থেকে বিরত থাকা এবং অবৈধ মজুদদারী করা থেকে বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়। | ৩৭.১. বাজার তদারকি কঠোরভাবে অব্যাহত রাখতে হবে। জেলার সর্বত্র এ অভিযান পরিচালনা করতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৮ | জেলা রেজিস্ট্রার | জেলা রেজিস্ট্রার, বাগেরহাট বাগেরহাট সভায় জানান, জেলায় ০৯টি সাব রেজিস্ট্রার অফিসে মার্চ, ২০২৪ মাসে সর্বমোট ২৩৪১ খানা দলিল রেজিস্ট্রি হয়েছে। দলিল রেজিস্ট্রির দলিলের বিপরীতে স্টাম্প প্রশাসন নন জুডিশিয়াল, রেজিঃফিঃ, স্থাবর সম্পত্তি হস্তান্তর কর (জেলা পরিশোধ কর, উপজেলা পরিষদ কর, ইউনিয়ন পরিষদ কর, পৌর কর), উৎস কর, ভ্যাট ইত্যাদি খাতে সর্বমোট ৯,৬১,৬৭,৬৯৭/=টাকা রাজস্ব আদায় করা হয়েছে এবং যথাযথ খাতে জমা প্রদান করা হয়েছে। বিভাগীয় কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ৩৮.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা রেজিস্ট্রার, বাগেরহাট। |
| ৩৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, বাগেরহাট সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে পল্লী সঞ্চয় ব্যাংকের মার্চ, ২০২৪ মাস শেষে ঋণ বিতরণ ৫৩৭৩.০৭ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৬০২৯.৩৮ লক্ষ টাকা। সঞ্চয় আদায় ২২৯.৬৭ লক্ষ টাকা। মেয়াদোত্তীর্ণের শতকরা হার ৫৯%। চলতি ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের জন্য বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সমিতিতে প্রয়োজনীয় নোটিশ প্রদান করা হচ্ছে। | ৩৯.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। ঋণ আদায় জোরদার করতে হবে। | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, বাগেরহাট। |
| ৪০ | ইসলামিক ফাউন্ডেশন | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাগেরহাট সভায় বলেন, ধর্মীয় দৃষ্টিতে জঙ্গিবাদ, সন্ত্রাস, মাদক সম্পূর্ণ নিষিদ্ধ-হারাম। এ সবের ভয়াবহতা বিষয়ে মুসল্লীদের মধ্যে আত্মসংশোধন মূল্যবোধসহ মাদক, সন্ত্রাসবাদ/জঙ্গিবাদদের ক্ষতিকর দিক ও বাল্য বিবাহের কুফল সম্পর্কে ধর্মীয় সচেনতা বৃদ্ধির জন্য ইমামদের অনুরোধ করা হয়েছে। এ ছাড়াও এ জেলার ০৯টি উপজেলায় ইসলামিক ফাউন্ডেশন এর কার্যালয়ে মাসিক সমন্বয় সভায় ইমামদেরকে নিয়ে আলোচনা করা হয়। মডেল মসজিদের নির্মাণ কাজ তদারকি অব্যাহত আছে। বিভিন্ন দিবসগুলো যথাযথভাবে পালন করা হচ্ছে। | ৪০.১. বিভাগীয় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>৪০.২. যাকাত আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাগেরহাট। |
| ৪১ | বিসিক, বাগেরহাট | উপব্যবস্থাপক, বিসিক, বাগেরহাট সভায় বলেন যে, বিসিক শিল্প নগরীতে সুন্দ্র ও সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া মৌমাছি চাষ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। | ৪১.১. বিভাগীয় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপব্যবস্থাপক, বিসিক, বাগেরহাট। |
| ৪২ | জেলা সঞ্চয় অফিস | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন প্রকার সঞ্চয়পত্র বিক্রয়ের লক্ষ্যমাত্রা ১৯৩.০০ কোটি টাকা। এ মাসে বিনিয়োগ ০৯.৩০৩ কোটি টাকা। জুলাই, ২০২৩ মাস হতে গত মাস পর্যন্ত মোট বিনিয়োগ অর্জিত হয়েছে ৯৩.০৮ কোটি টাকা। উৎস কর বাবদ সরকারি কোষাগারে জমার পরিমাণ ৪,৩৭,৭৪,১২০/- টাকা। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভবে চলছে। | ৪২.১. সঞ্চয়পত্র বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনে প্রচার-প্রচারণার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, বাগেরহাট। |
| ৪৩ | বিআরডিবি | উপপরিচালক, বিআরডিবি, বাগেরহাট সভায় জানান, বাগেরহাট জেলায় বিআরডিবির নিজস্ব কার্যক্রমসহ ১৩টি প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন হচ্ছে। যার আওতায় ক্রমপুঞ্জিত ২১২৪টি সমিতি/দল গঠন হয়েছে। ক্রমপুঞ্জিত ৪২৫৭৫ জন সদস্য ভর্তি হয়েছে। তাদের সকলকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। শেয়ার আদায় ২৮১.৮৯ লক্ষ টাকা ও সঞ্চয় আদায় ১১২৯.৩৬ লক্ষ টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষমাত্রা ৪৫৪৩.৯০ লক্ষ টাকা। মার্চ, ২০২৪ মাস পর্যন্ত ঋণ বিতরণ ২২১০.৩১ লক্ষ টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের হার ৪৯%, আদায়যোগ্য ঋণ ৩৯৯৭.১০ লক্ষ টাকা এবং আদায় ২৪৫০.৭৭ লক্ষ টাকা, ঋণ আদায়ের হার ৬১%। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৬১৩৮৮৮.১৮ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত-ঋণ আদায় ৩৮২১২.৫৭ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৬%। এ জেলায় অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এর আওতায় শরণখোলা ও মোংলা উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। ক্রমপুঞ্জিত (ভিডিসি) স্কিম বাস্তবায়ন হয়েছে ৮৮টি।এছাড়া, কর্মকর্তা/কর্মচারিগণ সমিতি ও দলে ভ্রমণ করে ঋণ আদায়ের চেষ্টা অব্যাহত আছে। | ৪৩.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, বিআরডিবি, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৪ | পিটিআই | সুপার, পিটিআই, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, প্রশাসনিক ভবন ও সুপার কোয়ার্টার জরাজীর্ণ অবস্থার কারণে কনডেম কমিটি কর্তৃক ০২(দুই)টি ভবন কনডেম ঘোষণা করা হয়। পিইডিপি এর আওতায় এ জেলায় পিটিআই এর ভৌত অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে এলজিইডি কর্তৃক Master Plan এর আলোকে ১ম পর্যায়ে ৮তলা ফাউন্ডেশনসহ ৫তলা বিশিষ্ট Academic Cum Administrative Building এর নির্মাণ কাজ চলমান রয়েছে। | ৪৪.১. নির্মাণ কাজের মান যাতে ভালো হয় সে লক্ষ্যে তদারকি করতে হবে। | সুপার, পিটিআই, বাগেরহাট। |
| ৪৫ | জেলা ক্রীড়া অফিস | জেলা ক্রীড়া অফিসার, বাগেরহাট সভায় জানান, বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ অনুযায়ী চলতি মাসে সদর উপজেলায় ভলিবল প্রতিযোগিতা ও মাসব্যাপী সাঁতার প্রশিক্ষণ কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ক্রীড়া কার্যক্রম সুন্দরভাবে সম্পন্ন হচ্ছে। | ৪৫.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা ক্রীড়া অফিসার, বাগেরহাট। |
| ৪৬ | প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান ব্যাংক | সিনিয়র অফিসার, প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান ব্যাংক, বাগেরহাট সভায় বলেন যে, ব্যাংকের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। কোন সমস্যা আপাতত নেই। | ৪৬.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ম্যানেজার, প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান ব্যাংক, বাগেরহাট। |
| ৪৭ | শিল্পকলা একাডেমি | জেলা কালচারাল অফিসার, বাগেরহাট সভায় জানান, বাগেরহাট শিল্পকলা একাডেমির বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বাগেরহাট এর আয়োজনে ১৪ এপ্রিল থেকে বর্ষবরণ ও বৈশাখীমেলা উদযাপন চলমান রয়েছে।এ অফিসের আয়োজনে স্বল্প সময়ের মধ্যে তৃণমূল মানুষের জন্য সংস্কৃতি ও স্মার্ট বাংলাদেশ ২০৪১ শীর্ষক অনুষ্ঠান আয়োজন করা হবে। | ৪৭.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা কালচারাল অফিসার, বাগেরহাট। |
| ৪৮ | পাট অধিদপ্তর | মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, খুলনা (মোংলা) সভায় বলেন, পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের নিমিত্ত নির্ধারিত ১৯ টি পণ্যে শতভাগ পাটের মোড়ক ব্যবহার নিশ্চিত করার জন্য ভ্রাম্যমাণ আদালত, হাট-বাজার মনিটরিং ও লিফলেট বিতরণ অব্যাহত আছে। মার্চ, ২০২৪ মাসে ০৪টি ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে ৫টি মামলায় ১২,০০০/- জরিমানা আদায় হয়েছে এবং পাট ও পাটজাত পণ্য ব্যবসার বিভিন্ন শ্রেণির ০১টি লাইসেন্স প্রদানের মাধ্যমে ৭,৫০/- টাকা আদায় করা হয়েছে। পাট আইন, ২০১৭ বাস্তবায়নে পাটকল পরিদর্শন, ভিজাপাট ক্রয়-বিক্রয় রোধে অভিজান, বেলিং সেন্টার পরিদর্শন চলমান আছে। এছাড়া, মোল্লাহাট ও চিতলমারী উপজেলায় পাটচাষিদের বিনামূল্যে ০১ কেজি পাটবীজ ও ১২ কেজি রাসানিক সার বিতরণ চলছে। দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | ৪৮.১. বিভাগীয় কার্যক্রমের ধারাসহ অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | মুখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, খুলনা (মোংলা) |
| ৪৯ | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | কাস্টোডিয়ান, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাগেরহাট সভায় জানান, প্রত্নস্থান ও বাগেরহাট জাদুঘর দর্শনার্থীদের জন্য সাপ্তাহিক ছুটি ব্যতীত প্রতিদিন সকাল ১০টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত খোলা রাখা হয়। প্রত্ন নিদর্শন ও সাইটসমূহের নিরাপত্তা ও সুরক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ ক্যাম্পাস ২৪ টি পয়েন্টে সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রণ করা হচ্ছে। তবে ০২টি ক্যামেরা বন্ধ আছে। ২০২৩-২৪ সালের মার্চ, ২০২৪ মাস পর্যন্ত ৪৮৪২০ জন ছাত্র-ছাত্রী জাদুঘর পরিদর্শন করেন। প্রত্নস্থান পরিদর্শনে আগত পর্যটকের সংখ্যা ৩৮৪০৯ জন। এর মধ্যে দেশী দর্শনার্থীর সংখ্যা-২৫০৩২ জন। মাধ্যমিক স্তরের ছাত্র/ছাত্রী-৭১২০ জন। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা-৪,০০০ জন। ঐতিহাসিক ষাটগুম্বজ মসজিদে আগত মুসল্লি পর্যটক (প্রবেশ মূল্য ব্যতিত) সংখ্যা ২০০০ জন। বিদেশী-২৪৭ জন। সার্কভুক্ত বিদেশী-১০ জন। মার্চ ২০২৪ মাসে বিক্রয়লব্ধ টিকিট থেকে মোট আয় ৯,৪৭,৬৬০/- টাকা। ২০২৩-২৪ সনে আদায়কৃত রাজস্ব ৮০,৮০,২০৫/- টাকা। জাদুঘরে জনবলের সংকট রয়েছে। | ৪৯.১. আগামী সভাগুলোতে উপস্থিত থাকতে হবে। প্রয়োজনীয় জনবল পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ করতে হবে। | কাস্টোডিয়ান প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাগেরহাট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫০ | জেলা সরকারি গণগ্রন্থাগার | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, মার্চ, ২০২৪ মাসে ২০ কার্যদিবসে ১৬৪০ জন পাঠক-পাঠিকা সেবা গ্রহণ করেছে। দৈনিক গড় পাঠক হাজিরা ৮২ জন । গত মাসে ১৮ কার্যদিবসে এ সংখ্যা ছিল ১৫০০ জন এবং দৈনিক গড় পাঠক হাজিরা ছিল ৮৩.৩৪ জন (প্রায়)। এছাড়া, বিভিন্ন দিবসগুলো যথাযথভাবে পালন করা হচ্ছে। | ৫০.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | লাইব্রেরিয়ান সরকারি গণগ্রন্থাগার, বাগেরহাট। |
| ৫১ | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বাগেরহাট এর প্রতিনিধি সভায় জানান, মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম পরিচালনায় আপাতত তেমন কোন সমস্যা নেই। | ৫১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বাগেরহাট। |
| ৫২ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট বা তার কোনো প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত বিভাগের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না। | ৫২.১. আগামী সভাগুলোতে উপস্থিত থাকতে হবে। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট। |
| ৫৩ | প্রতিবন্ধী সেবা সাহায্য কেন্দ্র | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বাগেরহাট সভায় জানান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, মোরেলগঞ্জ ও বাগেরহাট-এ রেজিস্টার্ড সেবা গ্রহীতার সংখ্যা মোট- ৯৮৮১ জন। সার্ভিস সেবা গ্রহীতার সংখ্যা ১৭৩৯১৫ জন। ডাউন সিনড্রোম ৩৫ জন, সিপি- ৪৭৮ জন, এএসডি-৪৮ জন, বুদ্ধি প্রতিবন্ধী ৫০ জন। এদের ৬০% রোগী সেবা গ্রহণ করে সুস্থ জীবন যাপন করছে। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, বাগেরহাট ও মোরেলগঞ্জে মোট সেবা গ্রহীতার সংখ্যা-১৭২২৫৭ জন এর মধ্যে নতুন সেবা গ্রহীতার সংখ্যা-৯৩২ জন। মোট প্রাপ্ত সহায়ক উপকরণ হুইল চেয়ার- ৪০২টি, ট্রাই-সাইকেল-১৮টি, সাদাছড়ি ৬৭টি, এলবোক্রাচ ১৫টি, অক্সিলিয়ারী ক্রাচ ১০টি, টয়লেট চেয়ার-০৯টি, স্ট্যান্ডিং ফ্রেইম- ০৮টি, কর্ণার চেয়ার- ০৭টি, ওয়াকার- ১৪টি, হিয়ারিং এইড- ৩৪টি। স্মার্ট ক্যান ৬৪টি। অটিজম আক্রান্ত শিশু ৪১ জন। চিকিৎসা নিচ্ছেন ১০ জন। | ৫৩.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বাগেরহাট। |
| ৫৪ | ঔষধ তত্ত্বাবধায়ক | ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, বাগেরহাট সভায় জানান যে, ঔষধের দোকান পরিদর্শন অব্যাহত আছে। ভেজাল ও নকল ঔষধ বিক্রি বন্ধে নিয়মিত বাজার তদারকি করা হয়। | ৫৪.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক ঔষধ প্রশাসন, বাগেরহাট। |
| ৫৫ | বাংলাদেশ শিশু একাডেমি | জেলা শিশু বিষয়ক অফিসার, বাগেরহাট সভায় জানান, কেন্দ্রীয় কার্যলয়ের মাধ্যমে প্রকাশিত বই ও শিশু পত্রিকা বিক্রয়, শিশুদের সাংস্কৃতিক প্রশিক্ষণ ( সংগীত, নৃত্য, চিত্রাংকন, আবৃত্তি ও সুন্দর হাতের লেখা), শিশু বিকাশ ও প্রাক- প্রাথমিক শিক্ষা কার্যক্রম, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন অন্যতম। ২০২৪ শিক্ষাবর্ষে শিশু বিকাশ ও প্রাক- প্রাথমিক শিক্ষা কার্যক্রম ৪-৫ বছর বয়সের ৫৫ জন শিশু ভর্তি করা হয়েছে। সাংস্কৃতিক প্রশিক্ষণ কার্যক্রমে ২০২৪ শিক্ষাবর্ষে সংগীত বিভাগে ৯৮ জন, নৃত্য, চিত্রাংকন বিভাগে ১২২ জন, আবৃত্তি বিভাগে ৪৩ জন ও সুন্দর হাতের লেখায় ০৩ মোট-৩২১ জন ছাত্র ছাত্রী ভর্তি হয়েছে। | ৫৫.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা শিশু বিষয়ক অফিসার, বাগেরহাট। |
| ৫৬ | বিটিসিএল | সহকারী প্রকৌশলী, বিটিসিএল, বাগেরহাট সভায় জানান যে, বিটিসিএল কর্তৃক সার্ভিস লাইন পরীক্ষা ও নির্ধারিত কার্যক্রম যথারীতি পরিচালনা করা হচ্ছে। | ৫৬.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিটিসিএল, বাগেরহাট। |
| ৫৭ | বিভাগীয় মহিলা প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোরেলগঞ্জ, বাগেরহাট | অধ্যক্ষ, বিভাগীয় মহিলা প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোরেলগঞ্জ, বাগেরহাট সভায় জানান, জানুয়ারি, ২০২৪ হতে মার্চ, ২০২৪ সেশনের ৪৩ তম ব্যাচের ৩৬০ ঘন্টা (৬ মাসের সমমান) মেয়াদী প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণ সমাপ্ত হবে।সমাপ্ত ব্যাচে মোট ৮০ জন প্রশিক্ষণার্থী (কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন-৪০ জন, ড্রেস মেকিং এ্যান্ড টেইলরিং-২৬ জন ও সার্টিফিকেট ইন বিউটিফিকেশন-১৪ জন) প্রশিক্ষণ করছেন।০৮ মার্চ, ২০২৪ খ্রি: তারিখ বহুল প্রচারিত দৈনিক ইত্তেফাক, দৈনিক ইনকিলাব ও দৈনিক আমার সংবাদ পত্রিকায় এপ্রিল-জুন/২০২৪ খ্রি: সেশনের ৪৪ তম ব্যাচের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি আরোও বলেন, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত মহিলা কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাগেরহাট ২০০০ সালে প্রতিষ্ঠিত হয়ে ২০০৫ সাল থেকে সফলতার সহিত বিভিন্ন কারিগরি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে আসছে। বর্তমান ০৩টি ট্রেডে (কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন, ড্রেস মেকিং এ্যান্ড টেইলরিং ও সার্টিফিকেট ইন বিউটিফিকেশন) ১০০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ করছেন, যা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত। দরিদ্র, অসহায়, অবহেলিত ও সমাজের পিছিয়ে পড়া দুস্থ্য, শিক্ষিত ও অর্ধশিক্ষিত মহিলাদের কারিগরিমূলক প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী করে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা, কর্মস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচন সর্বপরি দেশের অর্থ-সামাজিক উন্নয়নে স্রোতধারায় মহিলাদের অধিক অংশগ্রহণ নিশ্চিত করাই অত্র প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্য। তাই বর্তমান সময়ের পেক্ষাপটে উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে অসহায়-দরিদ্র মহিলাদেরকে পরিবারে, সমাজে, সর্বোপরি দেশের অর্থনৈতিক উন্নয়নে সামিল করার জন্য সমন্বিত কৃষি (হর্টিকালচার ও প্রোল্ট্রি-ডেইরি) এবং ডিজিটাল মার্কেটিং ট্রেড ০২(দুই)টি চালু করার বিশেষ প্রয়োজন। উল্লেখ্য যে, উক্ত ট্রেড দু'টি পরিচালনার জন্য প্রয়োজনীয় স্থাপনা ও সরঞ্জামাদি ইনস্টিটিউটে রয়েছে, যা দীর্ঘদিন অব্যবহৃত থাকায় নষ্ট ও অকেজো হয়ে পড়েছে। সমন্বিত কৃষি (হর্টিকালচার ও প্রোল্ট্রি-ডেইরি) এবং ডিজিটাল মার্কেটিং ট্রেড ০২(দুই)টি চালু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | ৫৭.১. বিভাগীয় মহিলা প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোরেলগঞ্জ, বাগেরহাটে সমন্বিত কৃষি (হর্টিকালচার ও প্রোল্ট্রি-ডেইরি) এবং ডিজিটাল মার্কেটিং ট্রেড ০২ (দুই)টি চালু করার বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ, বিভাগীয় মহিলা প্রশিক্ষণ ইনস্টিটিউট, মোরেলগঞ্জ, বাগেরহাট। |
| ৫৮ | ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বাগেরহাট সভায় জানান, ০১। ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যয়ে মোট ৫৬৯.৭১৮৩ মেট্রিক টন চাল, ৫৬৯.৭১৮৩ মেট্রিক টন গম ও ১১,৯৮,৫৪,৬৩৭/৩২ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ পর্যন্ত ৯০১ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৯৮.৪৩%। কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে ৫৬৯.৫৪৩৮ মেট্রিক টন চাল ও ৫৬৯.৫৪৩৮ মেট্রিক টন গম বরাদ্দ পাওয়া গেছে। এ পর্যন্ত ২১৬ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৬১.১৭%। কাবিখা/কাবিটা কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ে ৫৪৬.১১৮৪ মেট্রিক টন চাল ও ৫৪৬.১১৮৪ মেট্রিক টন গম ও ৩,৩৪,৬০,০৭৬.০৪ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ পর্যন্ত ৪৫৭ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ১০.৬৫%। এছাড়া, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে মোট ১০,০৭,৪২,৫১৫/১৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ পর্যন্ত ১,০৩৯ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজের অগ্রগতি ৮৯.৬০%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে মোট ৫,২২,৯৮,৬৮৮/৪৪ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ পর্যনত ৫৬৮ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের কাজ চলমান। প্রকল্পের কাজের অগ্রগতি ৭৬.৫৮%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ে মোট ৫,৯৮,৪৮,৭৪৯/২৭ টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহণ কার্যক্রম চলামান। ৪২৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাজের অগ্রগতি ৭.৪৫ %। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড(এইচবিবি) করণ (২য় পর্যায়) প্রকল্পের আওতায় ১১,০৩,৪৪,১০০/- টাকার বিপরীতে ১৫ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। প্রকল্পের কাজের অগ্রগতি ৮৩.৫৭ %। | ৫৮.১. নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।<br>২. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বাগেরহাট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৯ | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন | সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বাগেরহাট সভায় বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ২৫ দফা দিক-নির্দেশনা এ কার্যালয়ের স্মারক নম্বর-০৫. ৪৪. ০১০০. ০০৮. ০৬.০০১.০১১.২৩-৭৯, তারিখ: ০৭-০২-২০২৩ খ্রি. মূলে মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দেয়া হয়েছে। সভাপতি মহোদয় নিজ নিজ দপ্তর/বিভাগ সংশ্লিষ্ট নির্দেশনা বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৭(সাত) তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | ৫৯.১. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. বিভাগীয় প্রধান (সকল), বাগেরহাট। ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট। |
| ৬০ | বিবিধ-০১ | <u>ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ:</u> সভাপতি বলেন, নাগরিকদের তথ্য জানার অধিকার রয়েছে। তাই জনগণের তথ্য জানাসহ বিভিন্ন বিভাগের সম্পাদিত উন্নয়ন কর্মকান্ড এর তথ্য প্রতিটি অফিস, দপ্তর, বিভাগের ওয়েবসাইটে থাকতে হবে। এ কারণে ওয়েবসাইট হালনাগাদ করা প্রয়োজন। এছাড়া সিটিজেন চার্টারও সব সময় হালনাগাদ থাকতে হবে। এ বিষয়টি ইতঃপূর্বে একাধিক বার সভাতে আলোচিত হয়েছে এবং সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কিন্তু অদ্যাবধি সকল বিভাগ/দপ্তরের ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদ হয়নি। | সকল বিভাগের প্রধানগণকে জরুরিভিত্তিতে নিজ নিজ অফিস, দপ্তর, বিভাগের ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল), বাগেরহাট। |

০৩। পরিশেষে সভাপতি প্রত্যেক বিভাগ/দপ্তর/প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন কর যথাসময়ে পরিশোধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকল বিভাগের প্রধানগণকে অনুরোধ জানান। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০৫/২৪

(মোহাঃ খালিদ হোসেন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
বাগেরহাট।
ফোন: ০২৪৭৭৭৫২৫১৫ (দাপ্তরিক)
ই-মেইল : dcbagerhat@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.০১০০.০০৮.০৬.০০১.২৪- ২৬৬ (১০০)

তারিখ: ২২ বৈশাখ, ১৪৩১ / ০৫ মে, ২০২৪

<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব/ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/ পানি সম্পদ মন্ত্রণালয়/ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ শিক্ষা মন্ত্রণালয়/ বাণিজ্য মন্ত্রণালয়/ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়/ সমাজকল্যাণ মন্ত্রণালয়/ পরিবেশ ও বন মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৪. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৬. মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ ভবন, ৯২-৯৩ মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৭. মহাপরিচালক, সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৯. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ৮ম তলা ব্লক-১ই- ২৭ এ, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
১০. পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা),৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১১. সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, রমনা, ঢাকা।
১২. ------------------------------------------------------------

------------------------------------------------------------

০৫/০৫/২৪

জেলা প্রশাসক
বাগেরহাট।